# চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা চিহ্নিতকরণ ও মনিটরিং কমিটির মে, ২০১৯ মাসের ২য় পাক্ষিক সভার কার্যবিবরণী:

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের অফিস কক্ষ, জয়পুরহাট
তারিখ: ১০/০৬/২০১৯ খ্রি.
সময়: সকাল ০৯.৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য:

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে মে, ২০১৯ মাসের ২য় পাক্ষিক সভা শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভার এ পর্যায়ে চাঞ্চল্যকর ও লোমহর্ষক ঘটনা এবং মামলা নিয়ে উন্মুক্ত আলোচনা শুরু করা হয়। বিবেচ্য পক্ষে চাঞ্চল্যকর ও লোমহর্ষক কোন মামলা দায়ের হয়নি বা এ সংক্রান্ত কোন ঘটনা ঘটেনি মর্মে আলোচনা পর্বে সভাকে জানানো হয়। সভায় আরও জানানো হয়, পূর্বের দুটি চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা বর্তমানে সাক্ষ্য গ্রহণ পর্যায়ে চলমান রয়েছে। চাঞ্চল্যকর ও লোমহর্ষক কোন অপরাধ যেন সংঘটিত হতে না পারে সে বিষয়ে গুরুত্ব আরোপ করে সভায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া চলমান মামলা দুটি দ্রুত নিস্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে এবং ধার্য তারিখে রাষ্ট্রপক্ষের সাক্ষী উপস্থিতি নিশ্চিতকরণসহ যথাসময়ে বিজ্ঞ আদালতে সাক্ষী উপস্থাপন করতে রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানানো হয়।

১। চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলার বর্তমান অবস্থা পর্যালোচনা: ( মে, ২০১৯ মাসের ১ম পক্ষের তথ্য)

| ক্রঃ নং | মামলা নং ও ধারা | গত তারিখের মামলার কার্যক্রম | আগামী তারিখের কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ক) জিআর-৯/২০০৩ (সেশন-১১/১০) নং মামলা (বেগুনগ্রাম আস্তানায় চিশতীয়া দরবার শরীফের ০৫ জন খুনসহ ডাকাতি)। | ০৭/০৫/২০১৯ খ্রি. বাদী পক্ষের সাক্ষীর জন্য। | ০২/০৭/২০১৯ খ্রি. বাদী পক্ষের সাক্ষীর জন্য। |
| | খ) জিআর-৮৮/২০০৬ (সেশন-১৫৫/১২) নং মামলা (মামুদপুর ইউপির ০৩ জন গ্রাম পুলিশ খুন)। | ৩০/০৪/২০১৯ খ্রি. বাদী পক্ষের সাক্ষীর জন্য। | ২৫/০৭/২০১৯ খ্রি. বাদী পক্ষের সাক্ষীর জন্য। |

বিস্তারিত আলোচনা অন্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা: ক) জিআর-৯/২০০৩ (সেশন-১১/১০) নং মামলা (বেগুনগ্রাম আস্তানায় চিশতীয়া দরবার শরীফের ০৫ জন খুনসহ ডাকাতি)। | ক) রাষ্ট্রপক্ষের সাক্ষী উপস্থিতি ও যথাসময়ে বিজ্ঞ আদালতে সাক্ষী উপস্থাপন নিশ্চিতকরণসহ রাষ্ট্রপক্ষে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) পুলিশ সুপার, জয়পুরহাট<br>২) বিজ্ঞ পিপি, জয়পুরহাট |
| | খ) জিআর-৮৮/২০০৬ (সেশন-১৫৫/১২) নং মামলা (মামুদপুর ইউপির ০৩ জন গ্রাম পুলিশ খুন)। | খ) রাষ্ট্রপক্ষের সাক্ষী উপস্থিতি ও যথাসময়ে বিজ্ঞ আদালতে সাক্ষী উপস্থাপন নিশ্চিতকরণসহ রাষ্ট্রপক্ষে প্রয়োজনীয় আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে। | |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

## চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা নিষ্পত্তি সংক্রান্ত জেলা মনিটরিং কমিটির সভায় বিবরণী প্রাপ্তির তথ্য

আলোচ্য সময়কালঃ মে ২০১৯ মাসের ১ম পাক্ষিক (১-১৫ মে)
জেলার নাম: জয়পুরহাট

| ক্রঃনং | জেলার নাম | প্রাপ্ত/অপ্রাপ্ত প্রতিবেদন | | চিহ্নিত মামলার সংখ্যা | | মোট চিহ্নিত মামলার সংখ্যা (১ম পক্ষ) | | | মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম পক্ষ | ২য় পক্ষ | ১ম পক্ষ | ২য় পক্ষ | তদন্তাধীন মামলার সংখ্যা | বিচারাধীন মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | জয়পুরহাট | - | - | - | - | - | ০২ টি | -- | ০২ টি |

| মোট চিহ্নিত মামলার সংখ্যা (২য় পক্ষ) | | | মোট মামলার সংখ্যা | সর্বমোট মামলার সংখ্যা | সভায় অনুপস্থিত সদস্য | |
|---|---|---|---|---|---|---|
| তদন্তাধীন মামলার সংখ্যা | বিচারাধীন মামলার সংখ্যা | সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা | | | অনুপস্থিত কর্মকর্তার পদবী (১ম পক্ষ) | অনুপস্থিত কর্মকর্তার পদবী (২য় পক্ষ) |
| ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ |
| - | - | -- | - | ০২ টি | ১। কোর্ট পুলিশ পরিদর্শক, জয়পুরহাট<br>২। সভাপতি, জয়পুরহাট প্রেসক্লাব | |

২৭/৬/১৯

সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
ফোন নং: ০৫৭১-৬২৫০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০০৪.১৯- ৮৮৬ তারিখ: ০৪ /০৭/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

৫। এআইজি, চাঞ্চল্যকর ও লোমহর্ষক মামলা মনিটরিং সেল, পুলিশ সদর দপ্তর, ঢাকা
৬। পুলিশ সুপার, জয়পুরহাট
৭। সিভিল সার্জন, জয়পুরহাট
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট
৯। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট
১০। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১১। বিজ্ঞ পিপি, জয়পুরহাট
১২। সভাপতি, প্রেসক্লাব, জয়পুরহাট
১৩। ইন্সপেক্টর, সিআইডি, জয়পুরহাট
১৪। কোর্ট পুলিশ পরিদর্শক, জয়পুরহাট

০৪/০৭/১৯
(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২
ফ্যাক্স: (+৮৮)০৫৭১-৬২৫৪৬
admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"ক"

১। পুলিশ সুপার, জয়পুরহাট
২। সিভিল সার্জন, জয়পুরহাট
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জয়পুরহাট
৪। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট
৫। বিজ্ঞ পিপি, জয়পুরহাট
৬। ইন্সপেক্টর, সিআইডি, জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-"খ"

১। কোর্ট পুলিশ পরিদর্শক, জয়পুরহাট
২। সভাপতি, জয়পুরহাট প্রেসক্লাব